# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ


মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

আইসটি পরিপত্র নং-০৫/২০২০ তারিখ ঃ ০৮/১১/২০২০

## বিষয় ঃ ইন্টারনেট ব্যবহার সংক্রান্ত গাইডলাইন।

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের সুফল হিসেবে দেশ ব্যাপী ইন্টারনেটের ব্যবহার ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। যোগাযোগ স্থাপনের পাশাপশি বিভিন্ন দাপ্তরিক সুবিধা থাকার কারনে ইন্টারনেট ও ইন্টারনেট ভিত্তিক বিভিন্ন যোগাযোগ মাধ্যমের ব্যবহার প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। তাই দ্রুত তথ্য আদান-প্রদানের মাধ্যম হওয়ায় সরকার ও ব্যাংকের ভাবমূর্তি সমুন্নত রেখে ইন্টারনেট তথা বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করা অত্যাবশ্যক। পাশাপশি ইলেকট্রনিক যোগাযোগ সিস্টেমে ব্যাংকের নেটওয়ার্কের নিরাপত্তা বিধানও অত্যন্ত জরুরী। এতদবিষয়ে বিভিন্ন সময়ে জারিকৃত পরিপত্র/নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন না করায় ব্যাংকের ইলেকট্রনিক যোগাযোগ সিস্টেমে বা নেটওয়ার্কের নিরাপত্তা হুমকির মধ্যে রয়েছে।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, ব্যাংকের ইলেকট্রনিক যোগাযোগ সিস্টেমে বা নেটওয়ার্কের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের পরিপালনের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো ঃ

ক. ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা ও সচেতনতা অবলম্বন করতে হবে।

খ. ব্যক্তিগত Laptop, TAB, PDA, Mobile Phone, Modem, Pen Drive অথবা যে কোন ধরনের External Device শাখা/কার্যালয়/ডাটাসেন্টার/ডিআরএস এর কম্পিউটার বা নেটওয়ার্কে সংযুক্ত করে ব্যাংকের ইন্টারনেট ব্যবহার করা যাবে না।

গ. কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত শাখা/ কার্যালয়ে ইন্টারনেট সংযোগ প্রদান করা যাবে না। অননুমোদিত ইন্টারনেট সংযোগ ও ব্যবহারের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী দায়ী থাকবেন।

ঘ. শাখা/কার্যালয়/বিভিন্ন বিভাগ/ সচিবালয়ে ইন্টারনেট সংযোগ প্রদানের ক্ষেত্রে ডাটা ও তথ্যের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে DMZ (De-Militarized Zone) এ প্রয়োজনীয় পলিসি প্রয়োগ করে ইন্টারনেট সংযোগ প্রদান করতে হবে।

ঙ. কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে সুনির্দিষ্ট কম্পিউটারে ইন্টারনেট ব্যবহার করা যাবে। কোনক্রমেই ব্যাংকিং সফটওয়্যার (Core Banking Solution (CBS), BACH, RTGS etc) ব্যবহৃত কম্পিউটারে ইন্টারনেট ব্যবহার করা যাবে না।

চ. ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ বাংলাদেশ কৃষি ব্যাংকের অফিসিয়াল ফেসবুক পেজ (https://www.facebook.com/bangladeshkrishibank) ব্যবহার করতে পারবে।

ছ. কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন কর্মকর্তা/কর্মচারী বাংলাদেশ কৃষি ব্যাংক এর নামে কোন সামাজিক যোগাযোগ সাইটে (যেমনঃ Facebook, Twitter ইত্যাদি) কোন Page বা কোন Online Channel খুলতে পারবে না।

জ. কোন অবস্থাতেই ব্যাংকের Domain ই-মেইল আইডি (abc@krishibank.org.bd) ব্যবহার করে কোন গণমাধ্যম বা ব্লগিং সাইট বা কোন সামাজিক যোগাযোগ সাইটে (যেমনঃ Facebook, Twitter ইত্যাদি) বা ইন্টারনেটে কোন প্রকার registration/sign up বা সাবস্ক্রিপশন করা যাবে না।

ঝ. ব্যাংকে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীরগণ কৃষি ব্যাংক সংশ্লিষ্ট নিজস্ব উদ্ভাবনী কোন সফটওয়্যার বা Word document format, Word Excel format, pdf format সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন গণমাধ্যম বা ব্লগিং সাইট বা কোন সামাজিক যোগাযোগ সাইটে (যেমনঃ Facebook, Twitter ইত্যাদি) বা ইন্টারনেটে প্রকাশ করতে পারবে না।

ঞ. কেবলমাত্র দাপ্তরিক প্রয়োজনে ও ব্যাংকের স্বার্থে মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, সরকারি বিভিন্ন দপ্তর/ বিভাগ/ কার্যালয়, বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যাংকের ওয়েব সাইট এ প্রবেশ করা যাবে। এছাড়াও ই-মেইল আদান-প্রদান, কর্মদক্ষতা বৃদ্ধি, উচ্চতর জ্ঞান আহরণ, জরুরী প্রয়োজনীয় তথ্য/ সার্কুলার সংগ্রহের কাজে ব্যাংকের ইন্টারনেট ব্যবহার করা যাবে। কোন অবস্থাতেই অফিসের কাজ সংশ্লিষ্ট নয় বা অনুমোদিত নয় এমন ওয়েব সাইট এ প্রবেশ করা যাবে না এবং অশালীন/অনাকাংখিত তথ্য সংগ্রহের কাজে ব্যাংকের ইন্টারনেট ব্যবহার করা যাবে না।

ট. অশালীন/ আপত্তিকর কোন ওয়েবসাইট ব্যবহার/তথ্য সংগ্রহের কাজে ব্যাংকের ইন্টারনেট ব্যবহার করলে সংশ্লিষ্ট ব্যবহারকারীর রিরুদ্ধে কর্তৃপক্ষ বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

ঠ. ব্যাংকের অতিগুরুত্বপূর্ন স্থাপনা (যেমনঃ ভল্ট, DC, DRS), ব্যাংকে ব্যবহৃত বিভিন্ন সফটওয়্যারের স্কিন শর্ট, নেটওয়ার্ক আর্কিটেকচার ইত্যাদির ছবি কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার বা ব্যবহার করা যাবে না।

ড. রাষ্ট্রীয় স্বার্থ পরিপন্থী, বিতর্কিত, উগ্রবাদী, জঙ্গী, ধর্মীয় ও রাজনৈতিক সংগঠন কর্তৃক পরিচালিত ওয়েবসাইট ও ওয়েবপেইজ এর সদস্য হওয়া যাবে না এবং এ ধরনের ওয়েবসাইট থেকে কোন তথ্য ও ভিডিও ডাউনলোড ও ইন্টারনেট ভিত্তিক কোন যোগোযোগ মাধ্যমে শেয়ার করা যাবে না।

ঢ. ইন্টারনেটে কোন গ্রুপ পেইজ/ গ্রুপ একাউন্ট/ গ্রুপ মেইল ইত্যাদি পারচালনার সময় শৃঙ্খলা পরিপন্থী কোন তথ্য আপলোড করা যাবে না এবং কোন ধরনের গুজব ও অপপ্রচারমূলক তথ্য প্রচার করা যাবে না।

ণ. সামাজিক যোগাযোগের মাধ্যমে দেশের ও ব্যাংকের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কোন পোস্ট, ছবি, অডিও/ভিডিও আপলোড, কমেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে।

ত. সরকার বা ব্যাংকের নীতি বিরোধী কোন ব্যক্তিগত মতামত ইন্টারনেটে বা ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে প্রকাশ করা যাবে না।

থ. যে কোন ইন্টারনেট, ই-মেইল বা সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোন মাধ্যম ব্যবহার করে বিকেবি'র গোপনীয়তা প্রতিষ্ঠানের বাহিরে প্রকাশ করা যাবে না।

দ. বিকেবির কম্পিউটার, ইন্টারনেট বা অন্যান্য তথ্য প্রযুক্তি সম্পদের ব্যবহার করে কোন প্রতারনাপূর্ণ, হুমকিমূলক, হিংসাত্মক, অশ্লীল, মানহানিকর বা অন্য যে কোন বেআইনী সাইটে প্রবেশ, ডাউনলোড, প্রিন্ট গ্রহন, সংরক্ষণ বা প্রচার করা যাবে না।

ধ. বিকেবি'র নেটওয়ার্ক ও কম্পিউটারের নিরাপত্তার জন্য ক্ষতিকর হতে পারে এমন কোন বিপদজনক বা নিষিদ্ধ ওয়েবসাইটে প্রবেশ করা যাবে না।

ন. আক্রমণাত্বক, অশালীন বা হয়রানীমূলক হিসেবে বিবেচিত হতে পারে এমন দাপ্তরিক মেইল সিস্টেমে আদান-প্রদান বা সমাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা যাবে না।

প. বাণিজ্যিক, রাজনৈতিক বা অন্য কোন সাংগঠনিক কাজে বিকেবি'র তথ্য প্রযুক্তির সম্পদ ব্যবহার করা যাবে না।

ফ. আইসিটি কার্যক্রম পরিচালনায় কোনরূপ বাধার সৃষ্টি করে বা তথ্য প্রযুক্তি সম্পদ ও ইন্টারনেট ব্যবহার করে নেটওয়ার্ক ট্রাফিকে বাধা সৃষ্টিকরা যাবে না।

ব. বিকেবি'র তথ্য প্রযুক্তি সম্পদ ব্যবহার করে কপিরাইটকৃত উপাদান, নকল সফটওয়ার বা অন্য কোন প্রতিষ্ঠানের তথ্য যা নীতির সাথে সংঘর্ষিক তা আপলোড, ডাউনলোড বা শেয়ার করা যাবে না।

ভ. ব্যাংকের ইলেক্ট্রনিক যোগাযোগ সিস্টেমে বা নেটওয়ার্কের নিরাপত্তাকে বিঘ্নিত করে এমন কোন সফটওয়ার, প্রোগ্রাম বা এক্সিকিউটেবল ফাইল ইনস্টল, ডাউনলোড বা অনুমোদহীন কোন হার্ডওয়্যার যুক্ত করা যাবে না।

ম. যে সকল ওয়েব সাইট, সার্ভিস বা ডাউনলোডগুলো ক্ষতিকারক বা ব্যাংকের জন্য অপ্রয়োজনীয় বিবেচিত হবে তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পর্যবেক্ষণ পূর্বক বন্ধ বা নিয়ন্ত্রণ করা যাবে।

য. জাতীয় সামাজিক যোগাযোগ মাধ্যম নীতি অনুসরণ করে দাপ্তরিক সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করতে হবে।

০৩। ইন্টারনেট, নেটওয়ার্ক, সিস্টেম, সফ্টওয়্যার, সেবা ইত্যাদি ব্যবহারকালে কোন নিরাপত্তাজনিত সমস্যা/ঘাটতি, ভাইরাস, সাইবার ঝুঁকি/হামলা বা প্রকৃত পক্ষেই সন্দেহজনক কিছু চিহ্নিত বা অনুধাবন করেন তাহলে তাৎক্ষনিক ভাবে যথাযথ কর্তৃপক্ষ ও আইসিটি মহাবিভাগকে অবহিত করতে হবে।

০৪। সর্বোপরি, সকল শাখা ও কার্যালয়ে ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত " Guidelines on ICT Security for Banks and Non Financial Institutions, 2015 " বিষয়ক পলিসি ও পিএসডি সার্কুলার-০১/২০১৮, ০৪/২০১৭, ০২/২০১৬ এবং বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক জারিকৃত "ICT Security Policy", ক্রেডিট পলিসি ও অপারেশন ম্যানুয়াল-২০১৯ ও আইসিটি পরিপত্র-০১/২০১৯, ০৩/২০১৮, ০২/২০১৭সহ এতদসংক্রান্ত অন্যান্য যাবতীয় দিক নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

০৫। সুষ্ঠুভাবে ব্যাংকের দায়িত্ব পালনের জন্য ইলেক্ট্রনিক যোগাযোগের ক্ষেত্রে গোপনীয়তা, জবাবদিহিতা, সর্তকতা, স্বচ্ছতা, সঠিকতা ও কার্যকারিতা নিশ্চিত করার লক্ষ্যে বর্ণিত গাইডলাইন অনুযায়ী ব্যাংকের ইন্টারনেন্ট ব্যবহার করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। শাখা ও কার্যালয় প্রধানগণ তাদের অধীনস্থ সকল কর্মকর্তা/ কর্মচারীদের ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে নিয়মানুযায়ী তদারকী করবেন এবং সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন। অন্যথায় ব্যাংক কোনরূপ আর্থিক ক্ষতির সম্মুখীন হলে বা ব্যাংকের ভাবমূর্তি ক্ষুন্ন হলে সংশ্লিষ্ট কর্মকর্তাসহ শাখা ও অফিস প্রধানগণকে এর দায়-দায়িত্ব বহন করতে হবে।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

08/11/2020

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

প্রকা/ আইসিটি (সিস্টেমস্)/গাইডলাইনস-১৩(১)/২০২০-২০২১/১৩৮২ তারিখঃ ০৮/১১/২০২০

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি</u> ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগ, বিকেবি,প্রকা,ঢাকা।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

Rashid 8.11.2020

(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক